

স্মারক নং: ৩৮.০১.০০০০.১৪৫.১৯.০১৪.২৫-

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩২
২৫ জুলাই ২০২৫

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণের স্বামী/স্ত্রীর স্থায়ী ঠিকানায় আন্তঃউপজেলা/থানা (একই জেলার অভ্যন্তরে), আন্তঃজেলা (একই বিভাগের অভ্যন্তরে) এবং আন্তঃবিভাগ অনলাইন বদলির সংশোধিত সময়সূচি নির্ধারণ।

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নম্বর: ৩৮.০০.০০০০.০০৮.১৯.০১৪.২০.৩২৯, তারিখ: ১৭ জুলাই ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে ২৩ জুলাই ২০২৫ তারিখ হতে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকগণের স্বামী/স্ত্রীর স্থায়ী ঠিকানায় আন্তঃউপজেলা/থানা (একই জেলার অভ্যন্তরে), আন্তঃজেলা (একই বিভাগের অভ্যন্তরে) এবং আন্তঃবিভাগ অনলাইন বদলি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি (সংশোধিত) ও শর্তসমূহ প্রতিপালনপূর্বক চলমান থাকবে।


০২। সময়সূচি (সংশোধিত) :

- (ক) ২৩/০৭/২০২৫ হতে ২৮/০৭/২০২৫ তারিখ পর্যন্ত সহকারী শিক্ষকগণ অনলাইনে আবেদন করবেন;
- (খ) ২৯/০৭/২০২৫ হতে ৩০/০৭/২০২৫ তারিখ প্রধান শিক্ষক কর্তৃক সহকারী শিক্ষকের আবেদন যাচাই সম্পন্নকরণ
- (গ) ৩১/০৭/২০২৫ হতে ০১/০৮/২০২৫ তারিখ পর্যন্ত সহকারী উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক যাচাই ও অগ্রায়ন সম্পন্নকরণ;
- (ঘ) ০২/০৮/২০২৫ হতে ০৩/০৮/২০২৫ তারিখ পর্যন্ত উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক যাচাই ও অগ্রায়ন সম্পন্নকরণ;
- (ঙ) ০৪/০৮/২০২৫ হতে ০৫/০৮/২০২৫ তারিখ পর্যন্ত জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক সহকারী শিক্ষকের আবেদন যাচাই ও অগ্রায়ন সম্পন্নকরণ;
- (চ) ০৬/০৮/২০২৫ হতে ৭/০৮/২০২৫ তারিখ পর্যন্ত বিভাগীয় উপপরিচালক কর্তৃক সহকারী শিক্ষকের আবেদন যাচাই ও অগ্রায়ন সম্পন্নকরণ;
- (ছ) ০৮/০৮/২০২৫ তারিখ হতে ০৯/০৮/২০২৫ তারিখ সিস্টেম কর্তৃক স্বয়ংক্রিয় মনোনয়ন;
- (জ) ১০/০৮/২০২৫ হতে ১১/০৮/২০২৫ তারিখ মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক সহকারী শিক্ষকের আবেদন যাচাই ও অনুমোদন সম্পন্নকরণ।

০৪। শর্তসমূহ:

- ক) শিক্ষকগণ সর্বোচ্চ ৩টি বিদ্যালয় ক্রমানুসারে পছন্দ করবেন। তবে কোন শিক্ষকের একাধিক পছন্দ না থাকলে ০১(এক)টি বিদ্যালয় পছন্দ করতে পারবেন। আবেদনের পরিপ্রেক্ষিতে বদলির আদেশ জারি হলে তা বাতিল করার জন্য পরবর্তীতে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না;
- খ) যাচাইকারী কর্মকর্তা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে ১০ অক্টোবর ২০২৩ তারিখে জারিকৃত সর্বশেষ “সম্মতি অনলাইন বদলি নির্দেশিকা, ২০২৩” অনুযায়ী আবেদনকারীর আবেদন ও অন্যান্য কাগজপত্রাদি যাচাই করে অগ্রায়ন করবেন;
- গ) যাচাইকারী কর্মকর্তা সতর্কতার সাথে যাচাই করবেন। যাচাইপূর্বক প্রেরণ করার পর পরবর্তীতে তা পুনঃবিবেচনার আবেদন গ্রহণযোগ্য হবে না;
- ঘ) সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত বিদ্যালয়সমূহ বর্ণিত বদলি কার্যক্রমের আওতাভুক্ত থাকবে।

০৪। এমতাবস্থায়, উল্লিখিত সময়সূচি অনুযায়ী যে সকল সহকারী শিক্ষক স্বামী/স্ত্রীর স্থায়ী ঠিকানায় বদলি হতে ইচ্ছুক তাদের আবেদনের পরিপ্রেক্ষিতে শূন্য পদের বিপরীতে অনলাইন বদলির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৫/৭/২০২৫
মাহফুজুল কারিম
সহকারী পরিচালক (পলিসি ও অগারেশন)

বিতরণ:

- ১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল) [তিন পার্বত্য জেলা ব্যতীত]।
- ৩। উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
- ৪। প্রধান শিক্ষক (সকল)।

অনুলিপি:

১. পরিচালক, আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২. উপদেষ্টার একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)।
৫. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য)।
৬. সংরক্ষণ নথি।